**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-০৭

তারিখ ঃ ২১ মাঘ ১৪২৬ / ০৪ ফেব্রুয়ারি ২০২০

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

সিনথেটিক ও ফেব্রিক্স এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ০৪, তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০১৮ এর অনুচ্ছেদ ৩ এবং এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ : ২২ সেপ্টেম্বর ২০১৯ এর ৮ নম্বর অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, চলতি অর্থবছর থেকে সিনথেটিক/ফেব্রিক্স দ্বারা প্রস্তুতকৃত পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে বিদ্যমান ব্যবস্থায় শুল্ক বন্ড/ডিউটি ড্র-ব্যাক সুবিধার বিকল্প হিসেবে ১৫% হারে ভর্তুকি প্রদান অব্যাহত থাকবে। তবে সংশ্লিষ্ট রপ্তানিতে ব্যবহারকৃত উপকরণাদি সংগ্রহের ক্ষেত্রে শুল্ক বন্ড/ডিউটি ড্র-ব্যাক সুবিধা গ্রহণ করা হলে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা হিসেবে ৪% হারে রপ্তানি ভর্তুকি প্রদেয় হবে।

২। ২০১৯-২০২০ অর্থবছরে জাহাজিকৃত যেসব রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনের সময় ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে সেসব রপ্তানির বিপরীতে এ সার্কুলার জারির ৪৫ দিনের মধ্যে বিদ্যমান বিধিবিধান পরিপালন সাপেক্ষে ভর্তুকির আবেদন দাখিল করা যাবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩